**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
ঢাকা।
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ০৯/২০২১ জে, তারিখঃ ২৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ১১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ অধস্তন আদালত এবং ট্রাইব্যুনালে শুধু জামিন এবং অতীব জরুরী বিষয়সমূহ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল শুনানীর মাধ্যমে নিস্পত্তিকরণ প্রসঙ্গে ।**

বাংলাদেশের প্রধান বিচারপতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের জ্যেষ্ঠ বিচারপতিগণের সাথে আলোচনাক্রমে এই সিদ্ধান্ত গ্রহণ করেন যে, "আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০" (১১ নং আইন, ২০২০) এর ৫ ধারার ক্ষমতা বলে প্রাদুর্ভূত মহামারী কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শারীরিক উপস্থিতি ব্যতিরেকে বিচারকার্য পরিচালনার লক্ষ্যে বিগত ১০ মে ২০২০ খ্রিস্টাব্দ তারিখের বিজ্ঞপ্তি নং-২১৪ এর ধারাবাহিকতায় শুধু জামিন এবং অতীব জরুরী বিষয়সমূহ তথ্য-প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল শুনানীর মাধ্যমে নিস্পত্তিকরণের ক্ষেত্রে অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহ নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করবেন ঃ-

১. শুধু জামিন এবং অতীব জরুরী বিষয়সমূহ ভার্চুয়াল পদ্ধতিতে শুনানীর জন্য গ্রহণ করা হবে।

২. স্বাস্থ্যসেবা বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত স্বাস্থ্যবিধি এবং শারীরিক ও সামাজিক দূরত্ব কঠোরভাবে অনুসরণ করে আদালতের সেরেস্তা/জি.আর শাখায় জামিনের দরখাস্ত এবং অন্যান্য অতীব জরুরী দরখাস্তসমূহ দাখিল করতে হবে। প্রত্যেক দরখাস্তে আইনজীবীর ই-মেইল আইডি এবং মোবাইল ফোন নম্বর উল্লেখ থাকতে হবে।

৩. আদালত চলাকালীন সময়ে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শুনানী অনুষ্ঠিত হবে। শুনানী গ্রহণ ও সময় নির্ধারণের জন্য আদালতের দৈনন্দিন কার্যতালিকা ব্যবহার করতে হবে। শুনানীর সময়, তারিখ এবং ভিডিও কনফারেন্স প্লাটফর্ম এর যে আইডি/লিংক ব্যবহার করা হবে তা সংশ্লিষ্ট আদালত থেকে মোবাইল ফোনের ক্ষুদে বার্তা (SMS), ই-মেইল অথবা অন্য কোনো পদ্ধতিতে পক্ষগণের বিজ্ঞ কৌশুলীকে অবহিত করতে হবে।

৪. শুনানীর জন্য নির্ধারিত তারিখ আইনজীবী অনলাইনে ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম জুম (zoom) বা আদালত কর্তৃক নির্ধারিত অন্য কোনো ভিডিও কনফারেন্সিং প্লাটফর্ম ব্যবহার করে নির্ধারিত সময়ে আদালতের কার্যক্রমে অংশগ্রহণ করবেন। শুনানীর পূর্বে মামলার অপরপক্ষ বা তাঁর আইনজীবীকে আদালতের কার্যক্রমে প্রয়োজনে সংযুক্ত করা যাবে।

৫. নিযুক্ত আইনজীবী শুনানী শুরুর ১৫ মিনিট পূর্বে তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ভার্চুয়াল পদ্ধতিতে সংযুক্ত হবেন। তিনি যদি শুনানীতে অপর কোন আইনজীবীকে নিয়োজিত করতে বা তাঁর সহায়তা গ্রহণ করতে ইচ্ছুক হন,

সেক্ষেত্রে তিনি নিজ দায়িত্বে অপর আইনজীবীকে ঐ লিংকটি ক্ষুদে বার্তা (SMS)/ ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করবেন এবং শুনানীর শুরুতে এ বিষয়টি আদালতকে অবহিত করবেন।

৬. কারিগরী সমস্যার কারণে বা কোন পক্ষ বা তদীয় আইনজীবীর অনুপস্থিতির কারণে ধার্য্য তারিখে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শুনানী সম্পন্ন করা সম্ভব না হলে আদালত ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শুনানীর নতুন তারিখ ও সময় নির্ধারণ করবে।

৭. আদালতের ভিডিও কনফারেন্সিং নিয়ন্ত্রণকক্ষ হতে শুনানী শুরুর ১৫ মিনিট পূর্বে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার কার্যকারিতা পরীক্ষা করতে হবে।

৮. আদালতে শুনানী চলাকালে স্ক্রীন শেয়ার অপশন ব্যবহার করে মামলার সংশ্লিষ্ট আইনজীবী আদালতে গুরুত্বপূর্ণ কাগজপত্র প্রদর্শন করতে পারবেন।

৯. শুনানীর ফলাফল তাৎক্ষনিকভাবে অনলাইনে জানানো সম্ভব না হলে আদালতের দৈনন্দিন কার্যতালিকায় তা প্রকাশ করতে হবে। পাশাপাশি জামিন মঞ্জুর করা হলে সংশ্লিষ্ট আইনজীবী আদালত কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে জামিননামা সম্পাদন ও রিলিজ অর্ডার ফরম পূরণ করে শারীরিক ও সামাজিক দূরত্ব কঠোরভাবে অনুসরণ করে আদালত/ট্রাইব্যুনালের সংশ্লিষ্ট সেরেস্তা/জি.আর শাখায় দাখিল করবেন।

১০. বর্তমান উদ্ভূত পরিস্থিতির কারণে জনগণের ন্যায়বিচার প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ভার্চুয়াল পদ্ধতি চালু হওয়ায় আদালতের উক্ত কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট প্রত্যেককে যথাযথ দায়িত্বশীল আচরণ করতে হবে। আদালতের ভাবমূর্তির প্রতি লক্ষ্য রেখে ভার্চুয়াল পদ্ধতির কোন অংশ রেকর্ড বা প্রচার করা হলে তা সংশ্লিষ্ট ব্যক্তির দায়িত্ব পালনে অবহেলা বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১. ভার্চুয়াল শুনানীর সময়কালে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও ইন্টারনেট সেবা যেন বিঘ্নিত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী সংস্থা/বিভাগসমূহকে অবহিত করতে হবে।

১২. শুনানী চলাকালে সংযোগ বিচ্ছিন্ন হলে সংশ্লিষ্ট পক্ষ বা শুনানীতে অংশগ্রহনকারী আইনজীবীকে অবিলম্বে পুনরায় যুক্ত করতে হবে এবং শুনানী পুনরায় শুরু করতে হবে। শুনানী চলাকালে সংশ্লিষ্ট সকলের মোবাইল ফোন নির্বাক (mute) থাকবে এবং শুনানী বাধাগ্রস্থ বা বিলম্বিত হয় এরূপ কোন কিছু করা হতে বিরত থাকতে হবে। ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে শুনানী চলাকালে পর্যাপ্ত আলোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং কক্ষটি কোলাহলমুক্ত রাখতে হবে।

১৩. এই নির্দেশনায় উল্লেখ করা হয়নি এমন কোন বিষয় উদ্ভূত হলে আদালত প্রচলিত আইন অনুসারে আদালত পরিচালনা বিষয়ে পদ্ধতি নির্ধারণ করতে পারবেন।

১৪. উল্লেখ্য যে, প্রাদুর্ভূত মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে বিচারক ও আইনজীবীগণসহ সংশ্লিষ্ট সকলের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার জন্য বর্তমানে তথ্য প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল

শুনানীর মাধ্যমে পরিচালিত আদালতের কার্যক্রম একটি সাময়িক ব্যবস্থা মাত্র। পরিস্থিতির উন্নতি হওয়া মাত্রই পূর্ব প্রচলিত পদ্ধতি অনুসরণ করতঃ বিচার কার্যক্রম পরিচালনা সংক্রান্ত নির্দেশনা প্রদান করা হবে ।

১৫. বাংলাদেশের প্রধান বিচারপতি কর্তৃক পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এই নির্দেশনা কার্যকর থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-
(মোঃ গোলাম রব্বানী)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ
ফোন ঃ ৯৫১৪৬৪৬
E-mail: registrar_hcd@supremecourt.gov.bd.

স্মারক নং- ২৪৫৪ জে, তারিখঃ ২৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ১১ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসার নয়):-**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৩. জেলা জজ/মহানগর দায়রা জজ, ..................................... (সকল) (অধীনস্ত বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৪. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ, ......................................................................................................(সকল)।
৫. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ......................................................................................(সকল)।
৬. বিচারক, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,..........................................................................(সকল)।
৭. বিচারক, দ্রুত বিচার ট্রাইব্যুনাল............................................................................................. ......(সকল)।
৮. বিচারক, সাইবার ট্রাইব্যুনাল/ মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল.......................................................সকল)।
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ..................................(সকল) (অধীনস্ত বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
১০. সভাপতি/ সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, ...........................................................................................(সকল) ।
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদশ সুপ্রীম কোর্ট, হাইকার্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
১২. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১৪. নোটিশ বোর্ড

১১.০৪.২০২১

(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)
ফোনঃ ৯৫৬১৯৩২।